



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ৩০ আগস্ট ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের পর হত্যার প্রতিবাদে বিক্ষোভ

গত ২৬ আগস্ট খাগড়াছড়ির দীঘিনালায় তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের পর হত্যার প্রতিবাদে আজ শুক্রবার (৩০ আগস্ট ২০১৯) দীঘিনালায় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ দুপুর পৌনে ১২টায় ইউপিডিএফ-এর দীঘিনালা ইউনিটের উদ্যোগে আয়োজিত উক্ত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ'র দীঘিনালা ইউনিটের সংগঠক দীপন জ্যোতি চাকমা। সমাবেশে সঞ্চালনা করেন ইউপিডিএফ সদস্য রুপেশ চাকমা।

সমাবেশে ইউপিডিএফ নেতা নিরাপত্তা বাহিনী কর্তৃক তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের পর ঠাণ্ডা মাথায় গুলি করে হত্যার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান এবং হত্যাকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।

তিনি পার্বত্য চট্টগ্রামে প্রতিদিন জনগণের মৌলিক মানবাধিকার হরণ ও ইউপিডিএফের উপর চরমভাবে দমন-পীড়ন চালানো হচ্ছে বলে অভিযোগ করেন।

ইউপিডিএফ নেতা দৃঢ়তার সাথে বলেন, কোন প্রকার ষড়যন্ত্র ও নির্যাতন করে ইউপিডিএফ-এর নেতৃত্বে পরিচালিত ন্যায়সঙ্গত গণআন্দোলনকে দমন করা যাবে না।

সমাবেশ থেকে তিনি উক্ত হত্যাকাণ্ডের সূচু ও নিরপেক্ষ তদন্ত, নিহতদের পরিবারগুলোকে ক্ষতিপূরণ প্রদান এবং অবিলম্বে এ ধরনের বিচার বহির্ভূত হত্যাকাণ্ড ও অন্যান্য দমনপীড়ন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

রুপেশ চাকমা

সদস্য

ইউপিডিএফ

দীঘিনালা ইউনিট।